ক্ষুবতস্ত মনোর্জ তে ইক্ষাকু প্রাণত: হতঃ। তদ্য পুত্রশত জ্যেষ্ঠা বিকৃষ্ণি নিমি দণ্ডকাঃ ॥ ৪ ॥ তেষাং পুরস্তাদভবদার্যাবর্ত্তে নৃপা নৃপ। পঞ্চবিংশতিঃ পশ্চাচ্চ ত্রেয়েমধ্যেইপরেইতঃ ॥ ৫ ॥ দ একদাউকাশ্রাদ্ধে ইক্ষাকুঃ হতমাদিশৎ। মাংদ্মানীয়তাং মেধ্যং বিকৃক্ষে গচ্ছ মাচিরং ॥ ৬॥ তথেতি দ বনং গছা মুগান্ হছা জিয়াহণান্। প্রান্তো বুভুক্তিতো বীরঃ শশকাদদপস্থতিঃ ॥ ৭॥

# वीं धत्रश्रामी।

তদেবং মনোদ শির পুত্রের প্ষধ্রক কবিশ্চ বিরক্তথার বংশ প্রবর্তকো। করুষাদীনাঞ্চ সপ্তানাং বংশান্তারতম্য ক্রেণোক্রাঃ ইদানীমতি বিতত্মিক্ষ্বাকোর্বংশমাহ ক্বন্ত ইত্যাদিনা যাবং সোমবংশপ্রস্তাবঃ। ক্তং কুর্বতো মনোর্দ্রণিতো জ্ঞে। শ্রুদায়াং জনসামাস দশপ্রানিতিতু পূর্বোক্রং বাহল্যাভিপ্রায়েণেতি দ্বাষ্টবাং। প্রাণাং শতে স্ব্রোটাঃ॥ ৪॥

আর্থাবর্ত্তঃ পুনাভ্মিম ধ্যং বিকাহিমাগয়ো:। তৃত্মিন্ পুরস্তাৎ সম্দ্রপর্যান্তঃ মণ্ডল বিভাগেন পঞ্চবিংশতি নুপি অভবন্। হে নূপ তথেব পশ্চাচ্চ পঞ্বিংশতি:। মধ্যেত্ জােচাল্লবঃ। অপরেত্ অন্ততঃ অন্ততেহিল দেকি পােডরাদিবু ॥ ৫॥

বিকুক্তিরেব শশাদ ইতি বিশ্রুত ইতি বক্ষাতি। তত্ত হেতু মাহ স একদা ইতি চতুর্জি:॥ ७ ॥ ক্রিয়াহ ণান শ্রাদাহ বিশ্বত অভক্ষর ॥ ৭ ॥

# শ্ৰীবিখনাণচক্ৰবন্তী ।

মনোর্জ্যেষ্ঠ প্রভাতিবিতত মিক্ষ্।কোর্বংশমাহ ক্বত বিত্যাদিনা। ক্তং কুর্বতো মনোদ্রণিতো জ্ঞে প্রদায়াং জনয়ামাস দশপুত্র।নিতিতু বাহল্যাভিপ্রায়েণেতি স্বামিচরণাঃ ॥ ৪॥

আর্থাবর্ত্ত পুণাভূমির্মধাং বিদ্ধাহিমাগয়ো:। তমিন্ পুরস্তাৎ সমুদ্র পর্যাস্তং পৃথক্ পৃথয়ওলেরু পঞ্চবিংশতি নৃপা অভবন্। পশ্চাচ্চ তথৈব পঞ্বিংশতি:। মধ্যে জাষ্ঠাস্তম:। অপরেতু অন্যতঃ অন্যতা দক্ষিণোত্তরাদিরু ॥ ৫ ॥

বিকুকিঃ শশাদ সংজ্ঞোংভূতত তেতুমাহ স ইতি চতুর্ভি: ॥ ৬। १॥

হে রাজন্! মমুর দশ সভানের মধ্যে পৃষ্ধ ও কবি সংসারে বিরক্ত হইয়াছিলেন,এ কারণ ভাঁহাদের বংশ হয় নাই, করুষাদি দপ্ত তনয়ের বংশ কথিত হইয়াছে। ইক্ষুকুর বংশ অতিশয় বিস্তার্ণ, এ প্রযুক্ত অতাে না বলিয়া একণে বলা যাইতেছে যথা ক্ষুত করিতে করিতে মনুর আণ হইতে ইক্ষুকুর জন্ম হয়, ঐ ইক্ষুকুর এক শত সন্তান, তন্মধ্যে বিকুক্ষি নিমি, দশুক প্রস্তৃতি প্রেষ্ঠ ॥ ৪ ॥

সেই শত পুত্রের মধ্যে পঞ্চবিংশতি জন বিদ্ধা ও হিমালয় পর্বতের মধ্যবর্ত্তি আর্যাবর্ত্ত সম্মুথে সমুদ্র পর্যান্ত এক এক মণ্ডলে রাজা হয়েন। সেই রূপ পশ্চাতেও পঞ্চবিংশতি জন এক এক মণ্ডলে ভূপাল হন্। কিন্তু মধ্যস্থলে জ্যেষ্ঠ তিন জন, আর দক্ষিণ উত্তরাদি অন্যান্য ভাগে অন্যান্য পুত্রেরা রাজগদাভিষিক্ত হইয়াছিলেন॥ ৫॥

দে যাহা হউক, এক দিবদ ইক্ষাকু রাজা অফকা শ্রান্ধ করিবার নিমিত্ত বিকুক্ষিকে আহ্বান করিয়া কহিলেন বংদ। শীঘ্র বনে গিয়া শ্রাদ্ধার্থ পবিত্র মাংদ আহরণ কর॥ ৬॥

বিকৃদ্দি "তাহাই করিতেছি"বলিয়া তৎক্ষণাৎ বন গমন পূর্বক আন্ধার্হ বছতর মূগ বধ করিলেন। তদনত্তর আত্ত ও ক্ষুণার্ত্ত হওয়াতে বিস্মৃতি ক্রমে হত পশুর মধ্য হইতে একটা শশক লইয়া ভক্ষণ করিলেন॥ ৭॥

শেষং নিবেদয়ামাস পিত্রে তেনচ তদগুরুঃ। চোদিতঃ প্রোক্ষণায়াহ ছফীনেতদকর্মকং॥৮॥
ভোৱা পুত্রস্থা তৎ কর্মা গুরুণাভিহিতং নৃপঃ। দেশায়িঃদারয়ামাস স্তং ত্যক্তবিধিং রুষা॥৯॥
সতু বিপ্রেণ সংবাদং জ্ঞাপকেন সমাচরন্ ॥ ১০॥

ভ্যক্ত্য কলেবরং যোগী দতেনাবাপ যৎপরং ॥ >>॥

পিত্রুপেরতেহভাত্য বিকৃষ্ণিঃ পৃথিনীমিমাং। শাসদীজে হরিং যজৈঃ শশাদ ইতি বিশ্রুতঃ ॥>২ পুরঞ্জয়স্তত্ত ইন্দ্রবাহ ইতীরিতঃ। করুংম্ব ইতি চাপ্যক্তঃ শৃণু নামানি কর্মভিঃ॥ ১৩॥

## श्चीभवसामी।

ভদ্যক্র শিষ্ঠ: প্রোক্ষণায় আব্বোচিত সংস্থারার 🛭 ৮ 🖠

ভাক্তোবিধিং স্বাচারো যেন ভং ॥ ১ ॥

मजु हेक्साकुः छाशत्कन वनिर्छन ॥ ३० ।

রাজ্যভোগেন বিরজে যোগী সন্ জেন যোগেন কলেবরং তাজ্য স যৎ পরং তবং তদবাপ ॥ ১১ ॥

শাসং পালয়ন্ হরিমীজে ॥ ১২ ॥

দৈতাপুরস্য অসাৎ পুরঞ্জা:। ইলোবাহোহভেতীক্রবাহ:। ককুদি স্থিতছাৎ ককুৎস্থ ইতিচ শশাদ স্থতভ ত্রীণি নাগানি

#### क्रिमनार्कः।

সমাচরন্ বভূবেতি শেষ:। সমাচরণিতি পাঠেত ধিতীয়ং স ইতি পদং সার্থকমেব। কচিচ্চ টীকা পাঠঃ। স্বংপরং তকং তদ্বাপেতি॥১।২।৩।৪।৫।৬।৭।৮।৯।১০।১১॥

উজে হরি মিতি যজন প্রভাবেনৈব পিতৃত্যাগদোষ: চাতিক্রান্তবানিতি জেরং ১১২।১০।১৪।১৫।১৬।১৭।১৮।১৯।২০।

#### शिविचना १६ कवर ही ।

ত্তা কর্মশিষ্ঠ: হুইমিতা গ্রভাগত বিক্ কিণা ভূকতাং । ৮। ই।

স্তু ইফু কু: জ্ঞাপকেন জ্ঞানদ। য়িনা বলিষ্ঠেন ॥ ২০॥

भाज् शालायन् मन् ॥ ১১ । ১२ ॥

দৈতাপুরভ লয়াৎ পুরঞ্জয়:। ইস্রোবাহোক্তেই ভি. ইক্রবাহ:। কর্দি স্থিততাৎ করুৎস্থ ইতি। কর্মজিরিতি ধৈ: কর্মজি

পরে অর্থান্ট মাংস লইয়া পিতৃ সমীপে আগমন পূর্বক সমুলায় নিবেদন করিলেন। ইফ্বাকু সেই মাংসের আাদ্যোচিত সংস্কারার্থ ক্লপুরোহিত বশিষ্ঠদেবকে নিযুক্ত করিলে সেই মুনি বলিলেন এমাংস দূষিত হইয়াছে, ইহা কর্মাহ হইবে না ॥ ৮ ॥

তদনন্তর মহর্ষি বশিষ্ঠ তাহার বিবরণ বর্ণন করিলে রাজা পুজের কর্ম অবগত হইয়া রোধ বশতঃ তাহাকে দেশ হইতে নিঃসারিত করিয়া দিলেন,কারণ আদ্ধীয় মাংসের অগ্রভাগ গ্রহণ করাতে তাহার স্দাচার পরিত্যক্ত হইয়াছিল ॥ ৯॥

তাহার পর ইক্ষাকু বশিষ্ঠের সহিত আত্ম জ্ঞান বিষয়ক আলোচনায় প্রেত হয়েন॥ ১০ ॥

পরিশেষে রাজ্যভোগে বিরক্ত হইয়া যোগী হইলেন এবং যোগ দ্বারা কলেবর পরিত্যাগ পূর্বকি যাহা পরম তত্ত্ব তাহা প্রাপ্ত হইলেন ॥ ১১ ॥

পিতা উপরত হইলে িকুক্ষি স্বদেশ প্রত্যাগমন করিয়াছিলেন এবং শশাদ এই নামে বিখ্যাত হইয়া পৈতৃক রাজ্য গ্রহণ পূর্বকি পালন ও বিবিধ যজ্ঞ দ্বারা ভগবান্ হরির আরাধনা করেন । ১২॥

শশাদের পুত্র পুরঞ্জয়। ঐ পুত্র ইন্দ্রবাহ নামেও কথিত এবং ককুৎস্থ বলিয়াও উক্ত হইয়া থাকে।

কৃতান্ত আদীৎ দমরো দেবানাং দহ দানবৈ:। পাঞ্জিগ্রাহো ব্রতো বীরো দেবৈদৈ ত্যপরাজিতৈ: ॥১৪ বচনাদেবদেবতা বিশ্বোর্থাতান: প্রভাঃ। বাহনত্বে বৃতস্ততা বভূবেন্দ্রো মহার্যঃ॥
স দমজো ধলু দিব্যমাদায় বিশিখান্ শিতান্। স্ত্যমানস্তমারুহ্ যুযুৎস্কঃ ককুদি স্থিতঃ॥
তেজদাপ্যায়িতো বিকোঃ পুরুষতা মহাত্মনঃ। প্রতীচ্যাং দিশি দৈত্যানাং তারুণৎ ত্রিদশৈঃ পুরং॥১৫
তৈস্তদ্য চাভূৎ প্রধনং তুমুলং লোমহর্ষণং। যমায় ভল্লৈরনয়দৈত্যানভিযযুম্বি॥ ১৬॥
তত্তেরু পাতাভিম্থং যুগান্তাগ্রিমিবোল্লণং। বিস্তাগ্র ত্তেবুদৈ ত্যা ইত্যমানাঃ স্বমালয়ং॥ ১৭॥

#### श्रीभद्रश्वाभी।

তৎকর্ম নিমিত্তানি ॥ ১০॥

তানি বাচকাণ আহ কুতাম ইতি সপ্তভি:। কুতং বিশ্বমন্তরতীতি তথা পাফি আহ: সহায়: ৫১৪॥

ইল্রো যদি মম বাহনং স্থাও তর্হি দৈত্যান্ হনিষ্যামীতি তেন বাহনত্বেন বৃতঃ সারিল্রো লজ্জা তদনদ্বী কূর্বন্ বিষ্ণোর্বারনাৎ তম্ম বাহনত্বায় মহাবৃষ্ধো বভূবেতার্থঃ ॥ ১৫ ॥

বেছভিমুখং যয়ু স্তান্ যমং দর্শিয়তুং সদেহানেব ভটলবনয়িত।র্থ: ॥ ১৬ ॥

তচ্চ দৃষ্টাভোচ ত্জবু:। স্মালয়ং পাতালং ॥ ১৭ ॥

## শ্ৰীবিশ্বনাগচক্ৰবন্তী।

স্ত্ৰীণি নামানি তানি শ্ৰিভাৰ্থ: ॥ ১৩ ॥

ক্বতভ বিশ্বভাত্তোনাশো যুখাত্তাদৃশঃ সমর আদীৎ তত্র দেবেঃ পাঞ্জিতাহো বৃতঃ । ১৪ ।

ইন্দ্রো যদি মম বাহনং স্থান্তদা দৈত্যান্ হনিষ্যামীতি তেন বাহত্বেন বৃতঃ সনিন্দ্রো লজ্জ্যা তদনঙ্গীকুর্মন্ বিফোর্মচনাৎ তত্ত বাহনং মহাবুঘোবভূবেতার্থঃ ॥ স প্রঞ্জঃ বৃষং সমাক্ষ্তেতীক্রবাহঃ ক্কুদিস্থিত ইতি ক্কুৎস্কুচাভূৎ ॥

ত্রিদলৈ: সহিত: পুরং নারুণং ॥ ১৫ ॥ যুগায় অনয়ৎ ধমং মৃত্যুং প্রাপ্রামাস গতার্থ কম্মণীতি চতুর্থী ॥ ১৬ ॥ বৈত্যাবশিষ্ঠা আলয়ং পাতালং ॥ ১৭ ॥

যে যে কর্মা দ্বারা তাহার ঐ ঐ নাম হয় বলিতেছি শ্রেবণ কর॥ ১৩॥

পূর্বের যৎকালে দানবদিগের সহিত দেবগণের বিশ্ববিনাশন সমর হইয়াছিল, দে সময় দেবতারা দৈত্যগণ কর্ত্ব পরাজিত হইয়া ঐ বীরকে আপনাদের সহায় করেন ॥ ১৪ ॥

তিনি, "ইন্দ্র যদি আমার বাহন হন তবে আমি দৈত্যদিগকে বধ করিব"ইহা বলিয়া ইন্দ্রকে বাহনত্বে বরণ করিয়াছিলেন। ইন্দ্র প্রথমতঃ লজ্জা বশতঃ অস্বীকার করেন, পরে বিশালা দেবদেব বিফুর বাক্যে স্বীকার করিয়া পুরঞ্জয়ের বাহন হইবার নিমিত্ত মহার্থভ হয়েন। এই রূপে ইন্দ্রবাহন হওয়াতে পুরঞ্জয়ের ইন্দ্রবাহ এই দ্বিতীয় নাম হয়। তদন্তর পুরঞ্জয় বর্ম্ম সন্নদ্ধ করিয়া দিব্য ধনুঃ তথা ভূরি ভূরি শাণিত শর গ্রহণ পূর্বকে সেই র্যভের ককুদোপরি আরোহণ করিয়া অবস্থিত হন, তদ্দর্শনে দেবগণ তাঁহার স্থব আরম্ভ করেন। পরে পুরঞ্জয় মহাল্মা পরম পুরুষ বিফুর তেজে বর্দ্ধিত হইয়া দেবভাদের দার পশ্চিম দিকে দৈত্যদিগের পুরী নিরুদ্ধ করিলেন॥ ১৫॥

তদনন্তর দানবগণের সহিত তাঁহার তুমুল সংগ্রাম হইল। যে সকল দৈত্য সমরে তাঁহার সম্মুখীন হইল, তিনি তাহাদিগকে যম সন্দর্শনার্থ প্রেরণ করিতে লাগিলেন। ১৬॥

তদর্শনে অবশিষ্ট দৈতাগণ থিদামান হইয়া অত্যন্ত্রণ প্রলয়ানল তুলা তদীয় বাণপাতাভিমুখ পরিহার পূর্বাক স্ব স্থালয় পাতালে পলায়ন পরায়ণ হইল॥ ১৭॥ জিত্বা পুনং ধনং দৰ্বাং দল্লীকং বজ্ঞপাণয়ে। প্রভাগেচ্ছৎ দ রাজ ধিরিতি নামভিরাহ্নতঃ ॥
পুরপ্তায়ত্ত পুলোইভূদনেনান্তৎ স্বতঃ পৃথুঃ। বিশ্বগিদ্ধিত্তশ্চন্দো যুবনাশ্বন্ত তৎ স্বতঃ ॥ ১৮॥
শ্রোবস্ত সংস্থাতো যেন প্রাবস্তী নির্মানে পুরী। রহদশস্ত প্রাবস্তিস্ততঃ কুবলগাশ্বকঃ॥ ১৯॥
যঃ প্রিয়ার্থ্যুত্হ্বদা ধুন্ধুনামান্তরং বলী। স্থতানামেকবিংশত্যা দহব্রৈরহনদৃতঃ ॥ ২০॥
ধুন্ধুনার ইতিখাত স্তৎ স্থতা স্তেচ জজ্লুঃ। ধুন্ধামুখাগ্নিনা দর্বের তায় এবাবশেষিতাঃ॥
দৃঢ়াশঃ কপিলাশ্বন্দ ভদাশ ইতি ভারত। দৃঢ়াশপুলোহ্গ্যশো নিক্স স্তৎ স্বতঃ শৃতঃ ॥ ২১॥
বহুলাশো নিক্সতা কুশাশোহ্বাদ্য দেনজিৎ। যুবনাশোহ্ভব্ তদ্য দোহ্বপ্রত্যা বনং গতঃ॥২২॥

## श्रीधत्रश्री।

ইত্যেতি: কর্মজিং প্র**ঞ্জাদি নামভিরাজ্**ত: ব্যাহ্ত:। আত্ত ইতি পাঠান্তরে আহ্ত ইতার্থ: ॥ ১৮ ॥ আবন্তি আবন্তনা স্ত: ॥ ১৯ ॥ কুবলরাখ এব ধূর্মার ইতি থ্যাত:। **ভল কা**রণমাহ য ইতি। স্তানামেক বিংশত্যা সহত্যৈ বৃতি: সন্হত্বান্ । ২০ ॥ ধূর্মার ইতি চেকারভাষ্য: ॥ ২১ ॥ অথ তথানিক্ভাৎ কুশাখ: ॥ ২২ ॥

### ক্রমসন্দর্ভ:।

দৃঢ়াখ ইতি নিকুস্ক বহ ণাখ: কশাখণেচজার্থ: ॥ ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ | ৩১ | ৩২ | ৩৩ | ৩৫ | ৩৬ | ৩৭ | ৩৮ | ৩৯ | ৪০ | ৪১ | ৪২ | ৪৩ | ৪৪ ॥

# শ্ৰীবিশ্বনাগচক্ৰবৰী

জিমা পুর্মিতি প্রঞ্জা স বজ্ঞাণিঃ প্রেষ্চ্ছেৎ পুন স্বস্থারাজধে রাজধ্যে দদৌ। অতএব স রাজ্ধিঃ নামভিঃ পুরঞ্জা দিভিরাস্তঃ বাজ্তঃ। আত্ত ইতি পাঠে আহুত ইতার্থঃ॥১৮।১৯॥

ञ्चानारमकवित्माजा म**रो**ख्यू किः महरून । २०। २১। २२। २०॥

অতএব অঙ্গনাগণ সহ সমস্ত ধন ও পুর জয় করিয়া সেই রাজর্ষি দেবরাজ ইন্দ্রকে প্রদান করি-লেন। ঐ সকল কর্মা দারা তদবধি তিনি পুরঞ্জয়াদি নামে ব্যাহৃত হইতেন। হে রাজন্ পরীক্ষিং! উল্লিখিত পুরঞ্জারের পুত্র অনেনাঃ। তাহার সন্তান পৃথু। তাহা হইতে বিশ্বগন্ধি জন্ম গ্রহণ করেন। তাহার তনয় চন্দ্র। চন্দ্রের পুত্র যুবনাশা ॥ ১৮॥

যুবনাখের হৃত প্রাবস্ত, যিনি প্রাবস্তী পূরী নির্মাণ করেন। ঐ প্রাবস্তের সন্তান রুহদখ,তাহার পূত্র কুবলয়াখ। ১৯॥

এই মহাবল রাজা ঋষিবর উতক্ষের প্রিয়ার্থ আপনার এক বিংশতি সহস্র পুত্রে পরিবৃত হইয়া ধুরু নামা অস্তর বরকে সংহার করেন ॥ ২০॥

অতএব ধুজুমার বলিয়া বিধাতি হইয়াছিলেন। কিন্তু তাঁহার পুত্রগণধুকুর মুখাগ্নি দ্বারা সকলেই জুলিয়া ভত্মসাৎ হইয়া গিয়াছিল,কেবল তিন জন মাত্র অবশিষ্ট ছিল অর্ধাৎ দৃঢ়াম,কপিলাম্ব ওভদ্রাম্ব এই তিন জন জীবিত থাকেন। তন্মধ্যে দৃঢ়াখের পুত্র হর্যাম্ব, তাহার তনয় নিকুস্ত । ২১ ॥

নিকুজের পুত্র বহুলাশ, তাহা হইতে কুশাশ উৎপন্ন হয়েন। সেই কুশাশের তনয় সেনজিৎ, তাহার পুত্র যুবনাশ এ ব্যক্তি অনপত্য হইয়া অরণ্য গমন করেন॥ ২২॥ ভার্য্যা শতেন নির্বিধ ঋষয়ে যাই স্বালবঃ। ইষ্টিং স্ম বর্ত্তরাঞ্চ কুরেন্দ্রীং তে স্থানাহিতাঃ ॥২০॥ রাজা তদযজ্ঞ সদনং প্রবিটো নিশি তর্ষিতঃ। দৃষ্ট্য শ্রানান্ বিপ্রাং স্তান্পপৌ সন্ত্রজলং স্বয়ং ॥২৪॥ উথিতান্তে নিশ্য্যাথ বুদেকং কলসং প্রভো। পপ্রচ্ছুঃ কস্য কর্মেদং পীতং পুংসবনং জলং ॥২৫॥ রাজ্ঞা পীতং বিদিহা বৈ ঈশ্বরপ্রহিতেন তে। ঈশ্বরায় নমশ্চকু রহো দৈববলং বলং ॥ ততঃ কাল উপার্ত্তে কৃক্ষিং নির্ভিদ্য দক্ষিণং। যুবানাশ্ব্য তন্ম শ্চক্রবত্তী জ্ঞানহ॥ ২৬॥ কং ধাক্সতি কুমারোহ্য়ং স্তন্যে রোর্য়তে ভূশং। মান্ধাতা বংস মারোদীরিতীক্রো দেশিনীমদাৎ॥২৭

## श्रीभद्रभागी।

ভার্যাণাং শতেন সহ অল পুত্রার্থং ইক্রনৈবত্যামিষ্টিং প্রবর্ত্যামাস্থা স্বেত্যাশ্চর্যো ॥ ২০ ॥ তদেবাহ রাজেতি ষড়ভি:। তর্ধিত স্ত্রিতঃ সন্ জলার্থং প্রবিষ্টো মন্ত্রাভি মন্ত্রিতং জলং পর্ত্রা দেরং স্বরং প্রেণী ॥ ২৪ ॥ ব্যুদকং নিরুদকং। পুশ্সবনং পুজোৎপত্তিকারণং ॥ ২৫ ॥

অহো দৈববলমের মুখাং বলং পুরুষবলঙ্ক ন কিঞি ৰিভি বদন্ত ঈশ্বরায় নমস্কারং চক্রাঃ। ২৬॥

অরং কং ধান্ততি পালতীতি ছ:খিতৈ বি**তি**প্রক্তে পতি ওলামিট্যামারাধিত ইত্রোমাং ধাতা পাতা হে বংস মারোদীরিতি ক্রবন্ দেশিনীং তর্জনীমদাদিতার্থ: ॥ ২৭ ॥

# শ্ৰীবিশ্বনাথচক্ৰ বৰ্ত্তী

ক্ষিত: তৃষার্ত্ত: মন্ত্রাদিভিশ্বন্তিত: পদ্মৈ। দেয়ং স্বয়ং পপৌ ॥ ২৪। ২৫॥

দৈববল্মের বল্মিতি বদন্ত:॥২৬॥

অস্ত্রং কং ধান্ততি পালতীতি বিলৈককে সভি তলামিষ্টামারাধিত: ইক্রোমারাতা পাতা হে বংস মারোদীরিতি ক্রবন্ দেশিনীং তর্জনীমদাং ॥ ২৭ । ২৮ । ২৯ । ৩০ ॥

তাঁহার একশত ভার্যা ছিল, তনয়াভাবে বনে গিয়াও সেই শত বনিতা দহিত তিনি দর্বদা বিষয় ভাবে থাকিতেন। তদ্দশনে অরণ্যাদী ঋষিগণ তাঁহার প্রতি দয়ালু হন্ এবং সন্তানার্থ সমাহিত চিত্তে ইন্দ্রবৈত্য যজ্ঞ প্রবর্ত্ত করান॥ ২০॥

হে রাজন্। আশ্চর্য্য কথা শ্রবণ কর। যজ্ঞ প্রবর্ত্তিমান হইলে এক দিন যুবনাশ্ব নিশাভাগে তৃষিত হইয়া জলার্থ যজ্ঞ সদনে প্রবেশ করিলেন এবং ঋত্বিক্ বিপ্রবণ শায়ান থাকাতে তথায় পত্নীকে দিবার নিমিত্ত মন্ত্রাভিমন্ত্রিত যে জল, ছিল পিপাসা পীড়ায় তাহ।ই পান করিলেন ॥ ২৪ ॥

পুরোহিতেরা নিদ্রোথিত হইয়া দেখিলেন কলদে জল নাই, অতএব বিস্মিত হইয়া জিজ্ঞাদা করি-লেন এ কর্ম কাহার ? পুজোৎপত্তিকারক জল কে পান করিয়া গেল ? ॥ ২৫॥

জনন্তর যখন বিদিত হইল ঈশ্বর প্রহিত হইয়া রাজা প্রজন স্বয়ং পান করিয়াছেন, তখন "অহা দৈববলই মুখ্য বল, পুরুষের বল কোন কার্যোরে নহে" এই বাকা উচ্চারণ করত ঈশ্বরকে বার-ম্বার নমস্কার করিতে লাগিলেন। অনন্তর সময় পূর্ণ হিইলো সুবনাশ্বের দক্ষিণ কুক্ষি নির্ভেদ করিয়া চক্রেবর্ত্তি লক্ষণাক্রান্ত একটী তনার উৎপন্ন হইল ॥ ২৬ ॥

তদর্শনে বিপ্রগণ ছংখিত হইয়া যখন এই বলিয়া চীৎকার করিতে লাগিলেন, হা! এই কুমার স্তভার্থ রোদন করিতেছে, কি পান করিবে? তখন দেবরাজ ইন্দ্র (বংস! রোদন করিও না, মাং ধাতা অর্থাৎ আমাকে পান করিবে) বলিয়া আপনার তর্জনী প্রদান করিলেন। ঐ কারণে মান্ধাতা নাম হয়॥২৭॥

级

ন মমার পিতা তম্ম বিপ্রদেব প্রদাদতঃ। যুবনাশ্বোহ্য তত্ত্বৈব তপদা দিদ্ধিমন্থগাৎ ॥ ২৮ ॥ ত্রদদম্যারিতীন্ত্রোহঙ্গ বিদ্বে নাম যম্ম বৈ । যম্মাৎ ত্রদন্তিমু দিগ্রা দদ্যবো রাবণাদ্যঃ ॥ ২৯ ॥ যৌবনাশ্বোহ্য মান্ধাতা চক্রবর্ত্ত্যবনীং প্রভুঃ। দপ্তদীপবতীমেকঃ শশাদাচ্যুতজেজদা ॥ ৩• ॥ ঈজেচ যজ্ঞং ক্রত্তুভিরাত্মবিভূরি দক্ষিণেঃ। সর্বাদেবময়ং দেবং দর্বাত্মকমতীন্ত্রিয়ং ॥ দ্রব্যং মন্ত্রোবিধির্যজ্ঞো যজমানস্তথ্যি জঃ। ধর্মো দেশশ্চ কালশ্চ দর্বমেতদ্যদাত্মকং ॥ ৩১ ॥ যাবৎ দ্র্যা উদেতিম্ম যাবচ্চ প্রতিতিষ্ঠতি। তৎ দর্বং যৌবনাশ্বস্থ মান্ধাত্বঃ ক্ষেত্রমূচ্যতে ॥ শশবিদোত্র হিতরি বিন্দুমত্যামধান্ধ পঃ। পুরুকুৎসমন্বরীয়ং মুচুকুন্দঞ্চ যোগিনং ॥ ৩২ ॥ তেষাং স্বদারঃ পঞ্চাশ্ব দেখিভারিং ব্রিরে পতিং ॥ ৩০ ॥

#### शिवतत्त्रामी।

তসা পিতা যুবনাধো ভিন্ন কুফিরপি ন মমার কিন্তু কালান্তরে তপদা দিদ্বিমন্বগাৎ ॥ ২৮ ॥

মান্ধাতু মহিমানমাহ অগদস্থারিতি বড় ভিঃ। অঙ্গ হে রাজন্ ব্যালান্ধিত দ্ভিব উদিগাং কম্পিতাং সন্তঃ অসন্তি অত ইত্রো যতা অসদস্থাবিতি নাম বিদ্ধে স মান্ধাতা অবনীমেকঃ শশাসেত্যভরেণারয়ঃ ॥ ২৯ ॥

অচ্যতন্ত তেজ্বা। অপ্রচাতেন তেজ্পেতি বা। ৩০ ।

আত্মবিদলি স যক্তং বিষ্ণুং ঈলে তমেব বিশিন্তি সর্বদেবময়মিতি সার্দ্ধেন ॥ ৩১ ॥

প্রতিষ্ঠিতি অস্তং গছতি ॥ ৩২॥

প্রামন্থ সৌভরেশ্চরিতমাহ তেবামিতি যাবৎ সমাপ্তি। তেষাং স্বদার: মান্ধাতু: কন্যা:॥ ৩০॥

# শ্রীবিখনাথচক্রবতী ।

প্রতিতিষ্ঠতি অস্তং গছতে ॥ ৩২। ৩৩॥

মান্ধাতার পিতা যুবনাশ, দেব আক্ষণের প্রসাদে মৃত্যুগ্রস্ত হয়েন নাই, তপস্থা দ্বারা সেই স্থানেই কালাভরে দিদ্ধি প্রাপ্ত হইয়াছিলেন ॥ ২৮॥

সে যাহ। হউক, রাবণাদি দিয়াগণ ঐ মান্ধাভার প্রতাপে কম্পিত হইয়া দল্ভত হইয়াছিল, ইহাতে ইব্র তাঁহার অহা এক নাম অসদস্য রাখেন॥ ২৯॥

হে রাজন্! তদনন্তর যুবনাশ্ব তনয় মান্ধাতা সম্রাট্ হইয়া ভগবান্ অচ্যুতের তেজে একাকী সপ্ত দ্বীপা পৃথিবী শাসন করেন॥ ৩০॥

এবং আত্মজ্ঞ হইয়াও স্থূরি ভূরি দক্ষিণা দিয়া বহু বহু যজ্ঞ করত তদ্বারা যজারূপি সর্বাদেবময় সর্বাত্মক অতীন্দ্রিয় সেই দেবের অর্জনা করেন, দ্ব্যুমন্ত্র, বিধি, যজ্ঞায়সান, ঋত্মিক্,ধর্মোপদেশ এবং কাল এই সমস্ত যাঁহার স্বরূপ ॥ ৩১॥

হে রাজন্! যত দূর পর্যান্ত সূর্যা উদিত হন এবং যাবৎ পর্যান্ত অন্ত হইয়া থাকেন তত দূর পর্যান্ত সমুদায় স্থান যুবনাশপুত্র সান্ধাতার ক্ষেত্র বলিয়া কথিত হইয়া থাকে। সে যাহা হউক, ঐ রাজা শশবিন্দ্র তুহিতা ইন্দ্যতীর গর্ৱে পুরুকুৎস, অন্ধরীষ এবং যোগি মুচুকুন্দ এই তিনটা তনয় উৎপন্ন করেন ॥ ৩২॥

ঐ তিন তনয়ের পঞ্চাশং ভগিনী অর্থাৎ মান্ধাতার পুত্র ত্রেয় ব্যতীত পঞ্চাশটী ক্সা হইয়াছিল। তাহারা সকলেই সোভরিকে পতিত্বে বরণ করে॥ ৩৩॥

যমুনান্তর্জনে মগ্ন ন্তপ্যমানঃ পরং তপঃ। নির্বৃতিং মীনরাজস্ত দৃষ্ট্বা মৈগুনধর্গিণঃ॥ ৩৪॥ জাতস্পৃহে। নৃপং বিপ্রাঃ কথানেকাম্যাচত। সোহপ্যাহগৃহতাং ব্রহ্মন্কামং কনা। স্বয়ন্তরে॥৩৫ স বিচিন্ত্যাপ্রিয়ং স্ত্রীণাং জরচোহহ্মদম্মতঃ। বলী পলিত এজৎক ইতাহং প্রত্যুদাহতঃ॥ ৩৬॥ সাধ্য়িষ্যে তথাক্মানং হুরস্ত্রীণামভীপ্সিতং। কিং পুন্মৃ কুজেন্দ্রাণামিতি ব্যবসিতঃ প্রহুঃ॥ ৩৭॥ মুনিঃ প্রবেশিতঃ ক্ষত্রো কন্যান্তঃ পুরমৃদ্ধিমহ। বৃতঃ স রাজকন্যান্তিরেকঃ পঞ্চাশতা বরঃ॥ তাদাং কলিরভূত্রাংস্তদর্থেহপোছ্ দোহিদং। ম্যামুর্রপো নায়ং ব ইতি তদাতচেত্সাং॥ ৩৮॥

#### श्रीधवस्त्रामी।

নতুমহা তাণসভা তভা কুতো বিবাহ প্রসঙ্গ: কথস্বা জরা জর্জরিতং রাজকন্তা ব্রিরে তদাহ ধ্মুনান্তর্জলে ইতি ষড় ্ডি: ॥ ৩৪ ॥ নুশং মান্ধাতারং। সোহপি মান্ধাতা সম্বরে কামং গৃহতামিতাহে ॥ ৩৫ ॥

স্বিপ্র: স্ত্রীণামপ্রির: মাং বিচিন্ত্যানোহং প্রভাতেজাহত আত্মানং তথা সাধ্যিষ্যামীতি ব্যবসিত: নিশ্চিতবানিতি ধরো-রবয়:। অপ্রিয়তে হেত্: জরঠো বৃদ্ধ: বলীভিযুক্ত:। প্রতিশ্চ এজংক: কম্প্রমানশিরা: তাপসভাদিনা চাস্মতোহহ্মিতি মরো ৪০৬ ৪

তবেত্যত প্রপঞ্চ স্থরস্ত্রীপামভীঙ্গিতং কিং পুন ম'রুজেন্দ্রাণাং বাঃ স্তিয়ন্তাসামিতি ॥ ০৭ ॥

ভতঃ কিং বৃত্তঃ তৰাহ মুনিরিতি ছাভ্যাং। ক্ষত্রা প্রতীহারেণ। পঞ্চাশভাপি রাজকন্যাভি: স এক এব বরোবৃতঃ । ৩৮ ॥

## धीविश्वनाथठकवर्छी।

নমুহতাতপশ্বিন। পৌভরিণা কথং তা ব্যুঢ়াঃ কথং বা জরাজজ্জ রিভং তা রাজকল্যা বব্রিরে ততাহ । যমুনেতি। ত তো জলা-চ্থার মধুনামাগতা নৃপং মাল্লাভারং ॥ ৩৪। ৩৫ ॥

এজংক: কম্পমানশিরা: প্রত্যুদাস্তত: প্রত্যাধানত: ইতি বাবসিত নিশ্চিতবান্ ॥ ৩৬ । ৩৭ । ১৮ ॥

হে রাজন্। যমুনার জল মধ্যে নিমগ্ন ইয়া তপস্থা করিতে করিতে একদা মীনরাজের নৈথুন জন্ম স্থাজাত সন্দর্শন করেন॥ ৩৪॥

তাহাতে ঐ বিষয়ে তাঁহার সাতিশয় অনুরাগ জন্মে, অতএব জল হইতে উত্থান পূর্বক মধুরা গমন করিয়া মান্ধাতার সন্ধিনে পত্মর্থ একটা কন্যা যাচ্ঞা করিয়াছিলেন। মান্ধাতা তাঁহার প্রার্থনায় এই কথা বলিয়াছিলেন ব্রহ্মন্! আমার কন্যা স্বয়ন্বরা হইবে, যাহাকে ইচ্ছা হয় গ্রহণ করিবেন ॥ ৩৫ ॥

সৌভরি তৎ প্রবংশ মনে করিলেন আমি জরাজীর্ণ হইয়াছি ও আমার কেশ পলিত এবং বয়ঃক্র-মের আতিশয়্য প্রযুক্ত আমার মস্তক সতত কম্পান। অপর আমি তাপদ, এই বলিয়া বুঝি ইহাঁর

দমত হইলাম না, ভাহাতেই ইনি আমাকে স্ত্রীদিণের অপ্রিয় বিবেচনা করিয়া ছলক্রমে নিরাকৃত করিলেন ॥ ৩৬ ॥

যাহা হউক, আমি আপনাকে সেই প্রকার করিতে চেন্টা করি যাহাতে সনুজেল্রদিগের রম্ণী-গণের কথা কি ? স্থর স্ত্রীগণেরও অভীপিত হইতে পারি,এই বলিয়া তদর্থ কুতনিশ্চয় গ্ইলেন ॥ ৩৭॥

অনস্তর তপঃ প্রভাবে তাঁহার তত্রপে রপে হইল। একদা রাজপুরীর প্রতিহারী তাঁহাকে রাজকন্যাদিগের সমৃদ্ধিশালি অন্তঃপুরে লইয়া গেল, তাহাতে পঞ্চাশৎ রাজকন্যাই তাঁহাকে বর রূপে বরণ
করিল। হে রাজন্। মান্ধাতার তন্যাদিগের পূর্বে পরস্পার অতিশয় প্রণয় ছিল কিন্তু দোভরির সহিত
পরিণীতা হইবার নিমিত্ত তাহারা তদগত চিত্তা হইয়া পরস্পার বলিতে লাগিল ইনি আমারই অনুরূপ
বর, তোমাদিগের নহেন, স্কতরাং তদর্থ তাহাদিগের স্মহৎ কলহ উপস্থিত হইয়াছিল। ৩৮॥

সবহা তথা ভিরপারণীয় তপঃ প্রিয়ানর্য্য পরিচছদের ।
গৃহেরু নানোপবনামলান্তঃ সরঃহ্ম সৌগন্ধিককাননের ॥ ৩৯ ॥
মহার্ছ শিয়াসন বস্ত্র ভূষণ স্নানান্ধলেপাভ্যবহারমাল্যকৈঃ।
স্বলঙ্কতন্ত্রীপুরুষের নিত্যদা রেমেইনুগায়দ্ভিজভূপবিন্দির ॥ ৪০ ॥
ফার্লাহ স্থান্ধ সংবীক্ষ্য সংবীক্ষ্য সপ্রীপবতীপতিঃ। বিস্মিতঃ স্তম্ভ্যজহাৎ সার্বভৌমপ্রিয়ারিতঃ ॥ ৪১ ॥
এবং গৃহেম্বভিরতো বিষয়ান্ বিবিধেঃ স্থান্ধঃ ৷ সেবমানো নচাতুষ্যদাজাস্তোকৈরিবানলঃ॥ ৪২ ॥

#### ত্রীধরসামী।

তক্ত গাহস্যাং বর্ণয়তি স ইতি চতুর্জি:। বহব্চ ইতি মস্ত্র সামর্থামুক্তং। তাভি: সহ রেমে ইত্যন্তরে গার্যা:। রু রেমে অপারণীয়ং ছ্রস্তঃ যত্তপঃ তক্ত প্রিয়া সমৃদ্ধা অনর্যাঃ পরিজ্ঞা যেয়ু তেয়ু গৃহেষু। তথা নানা বিধেষু উপবনেষ্চ অমলানি অস্তাংসি যেষাং তেয়ু সরঃস্কৃত কীদৃশেষু সৌগন্ধিকানাং কহল বাণাং কাননানি ভোমা যেয়ু॥ ৩৯॥

কী দৃশেষু গৃহাদিষু স্বাস্থ্য: প্রেষাশ্চ যেয়ু। অনুগায়তো বিজাশ্চ প্রিণ: ড্লাংশ্চ বন্দিনশ্চ যেষু কী দৃশং মহাহ শিষা-দিভিকপ্লফিড: মন্ ॥ ৪০ ॥

স্তম্ভং গর্কাং ॥ ৪১ ॥ আন্তাত্তে।কৈন্ব তিবিন্দ্ভি: ॥ ৪২ ॥

# ঞীবিখনাণচক্রবন্তী ৷

বহন্ চ ইত্যেতাদৃশ সংপত্তি স্থেটী মন্ত্র সামর্থামের কারণমিতি ভাবঃ। অপারণীরমনৈয়রশকাং বত্তপ শুরা সমৃদ্ধা স্থেট্রু গৃহেরু গৃহে।প্লাক্ষিতেরু বিবিধপুরেরু। মহার্ভ্ শব্যাদিভিকপ্লাকিতোরেমে ॥ ৩৯। ৪০॥

छछः १र्काः ॥ ४४ ॥ वाक्षाच छाटेकर्सिन् िः ॥ ४२ ॥

সে যাহা হউক, সৌভরি মন্ত্র সামর্থ্য সম্পন্ন ছিলেন। তাঁহার তুরস্ত তপঃ প্রভাবে তৎক্ষণাৎ প্রত্যেক ভবনে অমূল্য পরিছেদ প্রস্তুত হইল এবং নানাবিধ বন উপবন স্থাভোতিত ও সরোবর সকল সৌগদ্ধি কহলার কাননে স্থাজ্জিত হইয়া উঠিল ॥ ৩৯॥

অধিকস্ত যাবতীয় গৃহে দাস দাদী সকল স্থান রূপ অলপ্পত এবং সর্বত্তি পক্ষী ভ্রমর ও বন্দিগণ মধুরস্বরে গান আরম্ভ করিল। তিনি মহামূল্য শয্যা, আসন, বসন, ভূষণ, স্থান ও অসুলেপনাদি সম্পন্ন হইয়া সকল ভবন ও উপবনাদি দেই শমস্ত বনিতা সহিত অহ্রহ বিহার করিতে লাগিলেন ॥ ৪০॥

হে রাজন্! সৌভরির গার্হয় ধর্ম অবলে।কন করিয়া সপ্তদ্ধীপ পৃথিবীর অধিপতি মান্ধাতার হ্ন-হৎ বিস্ময় জন্মিল। তিনি সামোজ্য সম্পত্তি সম্পন্ন বলিয়া যে গর্বন করিতেন তাহা পরিত্যাগ করিতে হইল॥ ৪১॥

পরস্ত সৌভরি ঐ প্রকারে সৃহাঞ্রমে অভিরত হইয়া যদিও বিবিধ স্থথে বিষয় ভোগ করিতে লাগি-লেন, তথাচ য়তবিন্দুপাতে যদ্রপ বাইুর পরিভৃপ্তি হয় না, তাহার আয় কিছুতেই তাঁহার ভৃপ্তি বোধ হইল না॥ ৪২॥ 器

স কণচিত্বপাসীন আত্মাপত্নবমাত্মনঃ। দলশ বহুন চার্বো মানসঙ্গমমুখিতং ॥ ৪০॥ অহো ইমং পশ্যত মে বিনাশং তপস্থিনঃ সক্তরিতত্ততত্ত । অন্তর্জনে বারিচরপ্রসঙ্গাং প্রজাবিতং ভ্রক্ষচিরং প্রতং যথ ॥ ৪৪॥ সঙ্গং তাজেত মিপুনভ্রতিনাং মুমুকুঃ সর্বাজ্মনা ন বিস্কেছিহি রিন্দ্রোণি। একশ্চরন্ রহিমা চিত্তমন্ত ঈশে যুঞ্জীত তদ্ধ তিয়ু সাধুষু চেৎ প্রসঙ্গং ॥ ৪৫॥ একস্তপন্যহ্মথান্ত্রি মংস্থাদ্য পঞ্চাশদাসমূত পঞ্সহস্রস্থাঃ।

#### শ্রীশরস্বামা

ইদানীং ভক্তানুতাপ পূর্বকং বানপ্রস্থান্দদাহ স ক্লাচিদিতি সপ্তভিঃ। স্বাস্থানা মনগে হেতোরাম্যনোহপত্নবং তণোহানিং
দদর্শ ॥ ৪৩ ॥

সংশ্চাসৌ চরিত ব্রতশ্চ যে'হহং তক্ষ ব্রহ্ম তপ: ॥ ৪৪ ॥

মিথুনব্রতিনাং দাম্পতা ধর্মবতাং চেদ্যদি প্রসঙ্গ স্তহি তিছু কিয়ু ঈর্মার্থ ধর্ম পরেছেব কার্যাইতি শেষ: ॥ ৪৫॥ সঙ্গাজ্জাতং দোষং প্রপঞ্সতি এক ইতি। পঞাশতা ভাগাতিঃ সম্বন্ধ পঞাশৎ আসং অভ্বমিতার্থ:। ততশ্চ সুতৈঃ

#### ক্রমসন্ত:।

কণা তাদৃশঃ সন্ চিত্তং যুঞ্জীত তত্তাহ তদু তিখিতি । ৪৫। ৪৬ ।

# শ্ৰীবিশ্বনাপচক্ৰবন্ধী ক

এবং তক্স গরুড়াণরাণত গৃহাবেশ প্রাণকত ভোগাত্তে পুন্ধিবেকোদরমাই স ইতি সপ্তভি:। আত্মন: শ্ব্যাদেব হেতোরাত্মন আত্মানলত অপ্তত্বং বঞ্নং। মীন্সঙ্গস্থিত্মিতি মীন্সঙ্গত কারণং তু মীন্রকার্থং গরুড়নিবারণ রূপোহ্পরাধ এব
ভেজঃ । ৪০ । বক্ষ তপং । ৪ ॥

তথাদন্যোমাদৃশোমাভবিতি স নির্কেদ্যাহ সৃস্থাতি ছাভ্যাং। বহিরিদ্রিয়াণি নবিস্জেদিতান্তরিদ্রিয়াণি ন বিস্জেদিতি বিধাত্মশক্তে:। অশক্যান্তানকভা বিধেরপ্রামাণ্যাদিতি ভাব:। ভ্রুতির অনন্ত ভাজিনিটের সাধুর্ যদি প্রকৃত্তীঃ সঙ্গঃ ভাদিতি মমত্ তদভাবাদেব গ্রুড়ে দোষ দর্শন জনিতো মিধুন ব্রভিনো মীনভা সঙ্গোহভূদিতি ভাব:। চেংপ্রসৃষ্ণ ইত্যব্র নঞ্ত্রধাহার্যা:। ৪৫॥

সঙ্গাক্তাতং লোষং প্রাপঞ্চয়তি এক ইতি পঞ্চশতা ভার্যাভি: সম্বন্ধাৎ পঞ্চাদদাসং তত্ত স্থাতঃ পঞ্চসহত্র সর্গ আসমিতি

কোন সময়ে বহুচাচার্য্য ঐ সৌভরি নির্জনে উপনিষ্ট হইয়া আপনার বিষয়ে চিন্তা করিতে লাগি-লেন,তাহাতে মংস্থ সংসর্গ বশতঃ আপনার যে তথস্থার হানি হইয়াছে তাহা জ্ঞান গোচর হইল ॥৪০॥

অতএব আক্ষেপ প্রকাশ পুরংশর আপনা আপনি বলিতে লাগিশেন অহো। আমি সাধুচরিত ব্রত এবং তপদ্বী ছিলাম, আমার এই বিনাশ দর্শনি কর, জল মধ্যে জলচর দঙ্গে থাকাতে চির কালের উপার্জিত তপদ্যা রত্ন বিনষ্ট করিয়া কেলিয়াছি॥ ৪৪॥

মুমুকু পুরুষের কর্ত্তর দাম্পত্য ধর্মবান্ ব্যক্তিদিগের সংসর্গ পরিত্যাগ করেন, অপর ইন্দ্রিয় সকলের বহিঃ প্রসর সর্ববি প্রযক্তে নিবারণ করাও উঁছোর আবশ্যক। আর এক কী নির্জনে ভ্রমণ করত অনন্ত পার পরমেশ্বরে চিত্তযোগ করা কর্ত্তরা। যদি কদাচিৎ প্রসঙ্গ উপস্থিত হয় ঈশ্বরার্থ ধর্ম পর সাধুর সঙ্গেই তাহা করা উচিত ॥ ৪৫ ॥

আমি একাকী জল মধ্যে তপস্থা করিতেছিলাম, তথায় মংস্থা সংস্থা বশতঃ দার পরিএই করিতে আমার বাসনা হয়, তাহাতে পঞ্চাশৎ সংখ্যক হইয়াছিল।ম, ভদন্তর সেই পঞ্চাশং বনিতার প্রতেকে

নান্তং ব্রজাম্ভেয় কৃত্য মনোরথানাং মায়াশুণৈ ক্তিমাত বিষয়ে হর্পভাব: ॥ ৪৬ ॥

এবং বসন্ গৃহে কালং বিরক্তোন্যাসনাস্থিতঃ। বনং জগামাত্মজু স্তৎপদ্মঃ পতিদেবতাঃ ॥

তত্র তপ্তা তপস্তীব্রমাল্ম দর্শনিমাত্মবিৎ। সহৈবায়িভিরাল্মানং যুযোজ পরমাত্মনি ॥ ৪৭ ॥

তাঃ স্বপত্য মহারাজ নিরীক্ষ্যাধ্যাত্মিকীং গতিং। অস্বীয়ুস্তৎ প্রভাবেন শান্তময়িমিবার্চিষঃ ॥ ৪৮

॥ ※ ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং নবমক্ষকে সৌভ্যুপাথ্যানং যঠে। ২ধ্যায়ঃ ॥ ※ ॥ ৬ ॥ ※ ॥

#### श्रीभद्रश्रामी।

পঞ্সহত্র সর্গ আসং প্রত্যেকং তামু প্রশত রূপেণোংগত্তে:। উভয় কুতাাণি ঐছিক পার্ত্তিকাণি কর্মাণি ভবিষয়ানাং মনো-র্ধানাং অর্থভাবঃ পুরুষার্থ বৃদ্ধিনান্॥ ৪৮॥

ন্থাকোহত সঞ্চাগি এব বান প্রস্থার্ম ইত্যর্থ: ॥ ৪৭ ॥ আধ্যাব্যিকীং গতিং ত্রন্ধ নিলয়ং ॥ ৪৮ ॥

॥ \*॥ देखि नवस्य वर्षः ॥ \*॥

#### क्रममसर्जः।

স্তিবাগিতি রিতি আবাজীয়ং দর্কমেব তদম্গতত্ত্বন বিভাব্যোৎক্রাস্তবানিতার্থ: । ৪৭। ৪৮।

॥ \* ॥ ইতি শ্রীমন্তাগবত নবমস্করে শ্রীজীবগোস্থামি কৃত ক্রমসন্দর্ভে বর্ষোহ্ধ্যার: দুমাপ্ত: । • ।

## क्षीविश्वनाशकक्व वहीं।

প্রে তাকং তাস্থ পূল্ল শত রূপে বোৎপত্তে:। উভয় কুভানি ঐহিক পার্ত্রিকাণি কর্মাণি তিহিহয়াণাং মনোর্থানাং অর্থভাব: প্রুবার্থ বৃদ্ধি:॥ ৪৬॥

ন্যাসং সঙ্গ তা।গ রূপং বানপ্রস্থ ধর্মহিত্যর্থ:॥

সহৈবাগ্নিভিরিত্যগ্নিভি: সহৈব দেহং তাইকুবেতি শেষ: ॥ ৪৭ ॥

खरीयुत्रूरु जाः ॥ ८৮ ॥

॥ \*॥ ইভি সারার্থদর্শিক্তাং হর্ষিণাাং ভক্তে ত্সাং। বর্জেহিন্নং নবমেহিধারি: স্কৃতঃ স্কৃতঃ স্তাং ॥ \*॥

পুত্র শত রূপে উৎপন্ন হইয়া পঞ্চ সহস্র হইয়াছি, তথাচ এহিক পারত্তিক কার্যা বিষয়ক মনোরথ সক-লের অন্তঃ প্রাপ্ত হইতেছি না, কারণ মায়া গুণে আমার বৃদ্ধি অপহত। হইয়াছে তৃজ্জ্বসূই বিষয়েতেই পুরুষার্থ জ্ঞান করিতেছি॥ ৪৬॥

হে রাজন্! সৌভরি এই প্রকারে গ্রহাশ্রমে বাদ করিতে করিতে বিরক্ত হয়েন, পরে সঙ্গতাগার্থ বানপ্রস্থ ধর্ম অবলম্বন করিয়া বনে প্রস্থান করিলেন। তাঁহার পত্নীগণ পতি পরায়ণা ছিল, তাহারাও তাঁহার অনুগামিনী হইল। আত্মন্ত ঐ মুনি ঘাহাতে আত্ম দাক্ষাৎকার হয় তাদৃশ তীত্র তপস্থা করিয়া অয়িতয় দহিত আত্মাকে পরমাত্মার যোগ করিলেন॥ ৪৭॥

হে মহারাজ! আপনাদিগের পতির ঐ রূপ আধ্যাত্মিক পতি অর্থাৎ পরত্রেমা বিলয় অবলোকন করিয়া তাঁহার পত্নী সকল, যেমন অগ্নি শিখা নির্কাণ প্রাপ্ত অনলের সঙ্গে যায়, তাহার ন্যায়, তদীয় প্রভাবে তাঁহার সহগামিনী হইল ॥ ৪৮ ॥

॥ \*। हिं निवमऋष्य वर्ष वशांत । \*॥

শ্রীশুক উবাচ॥

মান্ধাতু: পুত্রপ্রবরো যোহম্বরীষঃ প্রকীর্ত্তিঃ। পিতামহেন প্রব্বতা যুবনাশ্বস্ত তৎহৃতঃ।। হারীতস্তম্য পুত্রোহভূমান্ধাতৃপ্রবরা ইমে॥ ১॥

নর্মদা ভাত্ভিদ তা পুরুকুৎদায় যোরগৈঃ। তয়া রদাতলং নীতো ভুজগেন্দ্রপুকুয়া॥ ২॥ গদ্ধবানবধীততা বধ্যান্ বৈ বিষ্ণুশক্তিদৃক্। নাগাল্লক বরঃ দর্পাদভয়ং স্মরতামিদং॥ ৩॥

## প্রীধরস্বামী।

মারাতৃব্রর: প্রোক্ত: সপ্তমে যত্র গীয়তে। পুরুক্ৎসভ চাথ্যানং হরিশ্চক্রভ চোত্তমং ॥ • ॥

পুত্রপ্রর: পুত্রশ্রেষ্ঠ:। স পিতামহেন যুবনাধেন প্রবৃতঃ পুত্রপেন স্বীকৃতঃ অতএব তম্ম মান্তাত্রবর্গান্তঃ। তৎস্তঃ অম্বরীষ্ট স্তঃ। ইমে যুবনাধান্তরীষ হারীতাঃ মান্ধাত্রোত্রত প্রবৃত্তঃ অবান্তর বিশেষ প্রবর্তকাঃ। যথা যুবনাধা বিশেষণং পিতামহেন মান্ধাত্রা সহ আর্থের প্রবর্তন প্রবৃতঃ। মান্ধাতা প্রবরো যেষাং ত ইমে অম্বরীষ যুবনাধা হারীতাঃ। যথাহাধালায়নঃ। হরিত কুৎস পিস্পর্ভ ভৈম গ্রানামান্তিরসাম্বরীষ্টোবনাধাশ্চেতি মান্ধাতারং হেকে ক্রবতে অবতীত্যান্তিরসং মান্ধাত্রম্বীষ্টোবনাধাশ্চেতি ॥ ১ ॥

পুরুকুংসক্ত বংশং কথয়িষালাদৌ তক্ত বিবাহং প্রভাবঞাহ। উরগৈ ত্রতিভিধা দত্তা নর্মানা তয়া ॥ ২ ॥
বধ্যান্ বধাহনি ্দচ পুরুকুংসো নাগালক বরোহভূং বরমাহ ইদং নর্মানামা রসাতল নয়নাদিকং অরতাং স্পাদভয়মিতি ॥ ৩ ॥

## क्रममर्न्डः ।

মান্ত্রিতি শার্ক কং। পিতামহেন প্রবৃত্তী যৌধনাখন্ত তৎ স্কৃত ইত্যেব পাঠ:। দৃশাতেচারং গৌড় বিদেহেরু। অর্থন্ত তথান্বরীষত হতে যৌধনাখ:। অরমপি মান্তাত্ সনামেতার্থ:। বিফুপ্রাণেড় যুবনাখ ইতি নাম। মথা। গর্জক যুবনাখ-তেখাল্বেংডবং। ততো মান্তাতা ভবং। ইতি পূর্ক মুক্ত্বাত তৈবে গণান্তবেগাহ। অন্বরীষ মান্তাত্তনয়ত যুবনাখ: পুল্রোংভ্ং তথান্বিত: যতোহলিরসা হারীত ইতি। টীকায়া মর্থান্তবে আর্থি প্রবরেণ প্রবৃত্ত ইতি ঋষিভি: অগোত্তবেন বৃত্ত ইত্যর্থ: ।তেন দহ ততান্বরীষত স্ত্তোহারীত: যুবনাথেন প্রবৃত্ত ইতি ॥ ১। ২। ৩॥

# শ্ৰীবিশ্বনাথচক্ৰবভী ।

সপ্তমেতু হরি চল্ডে। মারাত্রেয় সপ্তব:। বরুণং বঞ্মন্ পুত্রমেহাদীজে নুমেধত: ॥ • ॥

পিতামহেন যুবনাখেন প্রার্তঃ প্রুছেন স্থীক্তঃ। তৎস্তঃ অম্বরীষপুরো যৌবনাখ:। ইনে অম্বরীষ যুবনাখ হারীতাঃ মান্ধাড় প্রবরাঃ মান্ধাতৈব প্রবরো যেষাং তে । ১ ॥

মান্ধান্ত পুত্রক পুরুকুৎসন্ত বংশং বদন্ প্রথমং তক্ত বিবাহমাহ। নর্মদা খলু যা উরগৈর্দতা তয়া স পুরুকুৎসো রসাতলং নীত: ॥২ ॥ বধার্হান্ অবধীৎ। ইদং রসাতল নয়নাদিকং অরতাং জনানাং স্পাদ্ভয়ং ভাৎ ॥৩ ॥

সপ্তমাধ্যায়ে মান্ধাতার বংশ র্তান্ত প্রদক্ষে পুরুকুৎদ তথা হরিশ্চন্দ্রের উপাথ্যান॥ ०॥

শুক্র রূপে পরিগৃহীত হওয়াতে নান্ধাতা অপেকা শ্রেষ্ঠ ছিলেন। সেই অম্বরীয়ে প্রতামহ যুবনাশ্ব কর্তৃক তুল্ল রূপে পরিগৃহীত হওয়াতে নান্ধাতা অপেকা শ্রেষ্ঠ ছিলেন। সেই অম্বরীষের পুল্র যুবনাশ্ব। তাঁহার তনয় হারীত। ইহারা অর্থাৎ অম্বরীষ, যুবনাশ্ব এবং হারীত এই তিন ব্যক্তি মান্ধাত্গোতের প্রধান ॥১॥

হে রাজন্। উরগগণ আপনাদের ভগিনী যে নর্মাদাকে পুরুকুৎদ হস্তে সম্প্রদান করেন, ভুজগেন্দ্রের নিয়োগে দেই নর্মাদা কর্তৃক পুরুকুৎস রসাতলে নীত হইয়া॥ ১॥

বিষ্ণুশক্তি ধারণ পূর্বক বধার্থ বহু বহু গন্ধবিকে নিহত করেন এবং আপনি নাগরাজ সকাশাৎ অনু-ভুম বর প্রাপ্ত হন্ দেই বর এই, নর্মাদার এই সমস্ত রুসাতল নয়নাদি ব্যাপার যে সকল ব্যক্তি স্মরণ ক্রিবে তাহাদিগের স্প্রিয় থাকিবে না ॥ ৩॥